

সুরক্ষা সেবা বিভাগের সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটির ২০২২-২০২৩ অর্থবছরের ২য় সভার কার্যবিবরণী।

| | |
|------------|------------------------------------|
| সভাপতি | মো: হাবিবুর রহমান অতিরিক্ত সচিব |
| সভার তারিখ | ২৭ ডিসেম্বর ২০২২ খ্রিস্টাব্দ |
| সভার সময় | সকাল ১০:০০ টা |
| স্থান | সভাপতি মহোদয়ের অফিস কক্ষ |
| উপস্থিতি | পরিশিষ্ট-'ক' |

উপস্থিত সকলকে শুভেচ্ছা ও স্বাগত জানিয়ে সভাপতি সভার কার্যক্রম শুরু করেন। আলোচ্যসূচি মোতাবেক বিষয়সমূহ সভায় উপস্থাপনের জন্য যুগ্মসচিব, প্রশাসন-১ শাখা (সদস্য সচিব, সেবা প্রদান প্রতিশ্রুতি পরিবীক্ষণ কমিটি, সুরক্ষা সেবা বিভাগ) কে অনুরোধ করা হয়। অতঃপর সদস্য সচিব আলোচ্য বিষয়সমূহ উপস্থাপন করেন:

১.০ আলোচ্য বিষয়: সুরক্ষা সেবা বিভাগের সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণ পর্যবেক্ষণ।

১.১ আলোচনা: সদস্য সচিব (যুগ্মসচিব, প্রশাসন-১ শাখা) সভাকে অবহিত করেন, সুরক্ষা সেবা বিভাগের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০২২-২০২৩ এর আওতায় সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়ন কর্মপরিকল্পনা ২০২২-২০২৩ এর ১.৪ কার্যক্রমের আওতায় ত্রৈমাসিক ভিত্তিতে সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণের লক্ষ্যে গত ০৮ ডিসেম্বর ২০২২ তারিখে এ বিভাগের সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণ কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে। উক্ত সভায় নিম্নলিখিত সিদ্ধান্ত গৃহীত হয়:

- সুরক্ষা সেবা বিভাগের সেবা প্রদান প্রতিশ্রুতিতে কতিপয় সেবাসমূহের ক্রম ঠিক করা;
- বহিরাগমন-৩ শাখার ১২ ক্রমে উল্লিখিত সেবার নাম স্পষ্টীকরণের জন্য 'স্পেনে নাগরিকত্ব প্রাপ্তির জন্য পুলিশ ক্লিয়ারেন্স সনদপত্র' এর পরবর্তে 'স্পেনে গমনেচ্ছু/অবস্থানরতদের পুলিশ ক্লিয়ারেন্স সনদপত্র প্রদান' আকারে হালনাগাদ করা;
- সুরক্ষা সেবা বিভাগের সেবা প্রদান প্রতিশ্রুতিতে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার অংশে কর্মকর্তা নাম, পদবি, ফোন, ই-মেইল হালনাগাদ করা;

১.২ সিদ্ধান্ত:

সভায় সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণ কমিটি কর্তৃক গৃহীত সিদ্ধান্তসমূহ নিয়ে বিস্তারিত আলোচনা হয়। গৃহীত সিদ্ধান্তসমূহ বাস্তবায়িত হয়েছে কিনা তা পরিবীক্ষণ করার জন্য বিশদ আলোচনা হয়। বিস্তারিত আলোচনাক্রমে সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণ কমিটির সিদ্ধান্ত বাস্তবায়ন পর্যালোচনার জন্য নিম্নলিখিত কার্যক্রম গ্রহণের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়:

- সুরক্ষা সেবা বিভাগের সেবা প্রদান প্রতিশ্রুতিতে কতিপয় সেবাসমূহের ক্রম ঠিক করা হয়েছে কিনা তা যাচাই করা;
- বহিরাগমন-৩ শাখার ১২ ক্রমে উল্লিখিত সেবার নাম স্পষ্টীকরণের জন্য 'স্পেনে নাগরিকত্ব প্রাপ্তির জন্য পুলিশ ক্লিয়ারেন্স সনদপত্র' এর পরবর্তে 'স্পেনে গমনেচ্ছু/অবস্থানরতদের পুলিশ ক্লিয়ারেন্স সনদপত্র প্রদান' আকারে হালনাগাদ

করা হয়েছে কিনা তা যাচাই-বাছাই করা;

(গ) সুরক্ষা সেবা বিভাগের সেবা প্রদান প্রতিশ্রুতিতে প্রতিটি সেবার বিপরীতে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার অংশে কর্মকর্তা নাম, পদবি, ফোন, ই-মেইল হালনাগাদ করা হয়েছে কিনা তা যাচাই-বাছাই করা;

২.০ আলোচ্য বিষয়: সুরক্ষা সেবা বিভাগের সেবা প্রদান প্রতিশ্রুতিতে উল্লিখিত কিছু সেবার কার্যক্রম দ্বৈবচয়ন ভিত্তিতে যাচাই-বাছাই করা।

২.১ আলোচনা: সভায় উপস্থিত সদস্যবৃন্দ সুরক্ষা সেবা বিভাগের সেবা প্রদান প্রতিশ্রুতিতে বিদ্যমান সেবাসমূহের মধ্যে দ্বৈবচয়ন ভিত্তিতে ০৩টি সেবার কার্যক্রম সঠিকভাবে সম্পন্ন করা হয় কিনা তা যাচাই-বাছাই করার বিষয়ে মতামত প্রদান করেন। বিস্তারিত আলোচনা শেষে নিম্নলিখিত সিদ্ধান্ত গ্রহীত হয়:

২.২ সিদ্ধান্ত:

অক্টোবর-ডিসেম্বর, ২০২২ সময়ে নিম্নলিখিত সেবাসমূহের বিপরীতে কতটি আবেদন গৃহীত হয়েছে এবং সেবা প্রদান প্রতিশ্রুতিতে উল্লিখিত সময়ের মধ্যে তা নিষ্পন্ন করা হয়েছে তা যাচাই করা হবে:

(ক) এসিড আমদানি/ উৎপাদনের ডুপ্লিকেট লাইসেন্স প্রদান (নাগরিক সেবা)

(খ) এসিড আমদানি/ উৎপাদনের লাইসেন্সের মালিকানা ও অন্যান্য তথ্যাদি সংশোধন (নাগরিক সেবা) এবং

(গ) শান্তি বিনোদন ছুটি মঞ্জুর (অভ্যন্তরীণ সেবা)।

সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।



মো: হাবিবুর রহমান
অতিরিক্ত সচিব


স্মারক নম্বর: ৫৮.০০.০০০০.০১৮.৯৯.০০২.২১.২৪০

তারিখ: ১২ পৌষ ১৪২৯

২৭ ডিসেম্বর ২০২২

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) অতিরিক্ত সচিব, প্রশাসন ও অর্থ অনুবিভাগ, সুরক্ষা সেবা বিভাগ
- ২) উপসচিব, অগ্নি-১ শাখা, সুরক্ষা সেবা বিভাগ
- ৩) উপসচিব (অতিরিক্ত দায়িত্ব), আইন-২ শাখা, সুরক্ষা সেবা বিভাগ
- ৪) প্রোগ্রামার, আইসিটি সেল, সুরক্ষা সেবা বিভাগ
- ৫) সহঃ প্রোগ্রামার, আইসিটি সেল, সুরক্ষা সেবা বিভাগ



দিলসাদ বেগম
যুগ্মসচিব